অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2021 **গভর্নর ক্যাথি হোকল**

সম্প্রতি কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ার এই সময়ে নিউ ইয়র্ক ব্যাপী গভর্নর হোকলের 6টি নতুন স্টেট পরীক্ষার সাইট চালুর ঘোষণা

সাইটগুলো মঙ্গলবার, 4 জানুয়ারি থেকে চালু হবে - অ্যাপয়েন্টমেন্ট নেয়া যাবে এখানে

এটি স্টেটব্যাপী 13টি নতুন কোভিড-19 পরীক্ষার সাইট চালু হওয়া সম্পর্কে গভর্নরের বুধবারের ঘোষণার সঙ্গে যোগ হচ্ছে যা এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ সম্প্রতি কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়া মোকাবেলা করতে নতুন 6টি স্টেট পরীক্ষার সাইট চালুর ঘোষণা দিয়েছেন। এসব সাইটের লক্ষ্য হলো ক্যাপিটাল, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, হাডসন ভ্যালি ও ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলব্যাপী যেসব এলাকায় উচ্চতর প্রয়োজন রয়েছে সেখানে পরীক্ষার জন্য বাড়তি অপশন প্রদান করা।

"আমরা নতুন বছরটি শক্তিশালীভাবে শুরু করতে চাই এবং আমাদের কাছে থাকা প্রতিটি হাতিয়ার ব্যবহার করতে চাই," **বলেছেন গভর্নর হোকল।** "স্টেটব্যাপী পরীক্ষার সাইটগুলো চালু করার মাধ্যমে, আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য পরীক্ষা করানো আরো বেশি অ্যাক্সেসযোগ্য ও সুবিধাজনক হওয়ার বিষয়টি নিশ্চিত করবো। কোথায় আরো বেশি সামর্থ্য এবং বাড়তি সাইটের প্রয়োজন রয়েছে তা মূল্যায়ন করে, আমরা স্টেটের প্রতিটি কোণায় পরীক্ষা করানোর লভ্যতা সম্প্রসারণ করা অব্যাহত রাখবো। আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে তাদের নিকটস্থ কোনো সাইটের সুবিধা কাজে লাগানোর জন্য উৎসাহিত করছি।"

বর্তমানে সব জায়গায় সাইটগুলো সচল করা হচ্ছে যেগুলো 4 জানুয়ারি, 2022 তারিখ থেকে খুলে দেয়া হবে। চালু হওয়ার পর থেকে সব সাইটে র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষার ব্যবস্থা থাকবে। নিউ ইয়র্কবাসীদেরকে এখান থেকে অ্যাপয়েন্টমেন্ট নেয়ার জন্য জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে। অ্যাপয়েন্টমেন্টের পরে পরীক্ষার ফলাফল ইমেইল বা টেক্সট মেসেজের মাধ্যমে পাঠানো হয়। সরাসরি উপস্থিত হয়ে অ্যাপয়েন্টমেন্ট নেয়ার ব্যবস্থাও থাকবে।

ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে আমরা স্টেটব্যাপী দ্রুত, অ্যাক্সেসযোগ্য পরীক্ষার অ্যাক্সেস সম্প্রসারণের গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রেখেছি। ওয়েল হেলথ (WellHealth)-এর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে এই ছয়টি নতুন সাইট নিউ ইয়র্কবাসীদের জন্য আরো দ্রুত পরীক্ষার ব্যবস্থা নিয়ে আসবে। শীতকালীন সংক্রমণ

বৃদ্ধির সঙ্গে আমাদের লড়াই চালিয়ে যাওয়া এবং আমাদের কমিউনিটিগুলোকে ভাইরাসের বিস্তার থেকে নিরাপদ রাখার জন্য কাজ করে যাওয়ার এই সময়ে র‍্যাপিড টেস্টিং আমাদের টুলকিটের একটি অতি গুরুত্বপূর্ণ টুল হিসেবে রয়ে গেছে - এবং আমি নিউ ইয়র্কবাসীদেরকে এসব নতুন সাইট কাজে লাগানোর জন্য উৎসাহিত করছি।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "মাউন্ট ভার্ননের গ্রেস ব্যাপ্টিস্ট চার্চের পরীক্ষার সাইটগুলো সহ কোভিড পরীক্ষার সাইটগুলো সম্প্রসারণের জন্য তার অঙ্গীকারবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এখানে ওয়েস্টচেস্টারে এবং নিউ ইয়র্ক ব্যাপী বাড়তি সাইটগুলো যোগ করা সিনেটের জন্য একটি শীর্ষ অগ্রাধিকার। আমি জানি গত কয়েক সপ্তাহ ধরে আমাদের অর্জিত সবটুকু অগ্রগতি পিছিয়ে পড়েছে বলে মনে হয়েছে। আমরা ছুটির দিনগুলোতে পুরোপুরি খুলে দিতে পারার আশা করেছিলাম, কিন্তু আমাদের জন্য কোভিডের পরিকল্পনা অন্যরকম ছিল। কিন্তু এটি 2020 সালের মার্চ মাসের পুনরাবৃত্তি নয়। আমাদের কাছে এখন এই ভাইরাসের বিরুদ্ধে লড়াই করার এবং মহামারীর মানবিক ও অর্থনৈতিক প্রভাব সীমিত করে আনার জন্য শক্তিশালী হাতিয়ার রয়েছে। এই সংকটের এই সাম্প্রতিক পর্যায় অতিক্রম করার জন্য আমাদের প্রত্যেকের টিকা গ্রহণ করা, বুস্টার ডোজ গ্রহণ করা, মাস্ক পরিধান করা এবং পরীক্ষা করানো প্রয়োজন।"

ওয়েল হেলথ-এর প্রতিষ্ঠাতা অংশীদারদের একজন, ওয়েল হেলথ-এর CEO ও মেডিকেল ডিরেক্টর ড. আব্দুল-আহাদ হাই, MD বলেন, "আমাদের মিশন হলো যত বেশি সংখ্যক লোকজনকে সম্ভব কোভিড-19 পরীক্ষা করানোর সহজ, অ্যাক্সেসযোগ্য সাইটগুলো খুঁজে পেতে সাহায্য করা এবং দ্রুত, নির্ভুল ফলাফল পৌঁছে দেয়া। কোভিড-19 মহামারী অব্যাহত থাকার এই সময়ে, স্টেট ব্যাপী বিভিন্ন অবস্থানে নিউ ইয়র্কের কমিউনিটিগুলোতে ছয়টি নতুন পরীক্ষার সাইট নিয়ে আসার জন্য নিউ ইয়র্ক স্টেট এবং স্বাস্থ্য বিভাগের (Department of Health) সঙ্গে এই অংশীদারিত্বের মাধ্যমে কাজ করতে পেরে আমরা গর্বিত, যেমনটা আমরা ইতোমধ্যেই আরো অনেক স্টেটের সঙ্গে করেছি। নিউ ইয়র্কবাসীরা যাতে পরীক্ষা করানোর জন্য আরো বেশি অ্যাক্সেস পায় তা নিশ্চিত করতে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই - যা কমিউনিটিগুলোকে নিরাপদ থাকতে ও খোলা থাকতে সাহায্য করবে।"

অনুগ্রহ করে লক্ষ করুন যে 4 জানুয়ারী, 2022 তারিখে সকল সাইটের কর্মঘণ্টা দুপুর 12টা থেকে সন্ধ্যা 6টা হবে, যার ব্যতিক্রম হলো রাজধানী অঞ্চলের সাইটগুলো যেগুলো সন্ধ্যা 7টা পর্যন্ত খোলা থাকবে। 4 জানুয়ারীর পর থেকে সাইটগুলো নিয়মিত কর্মঘণ্টার সময়ে খোলা থাকবে। অঞ্চল অনুযায়ী পরীক্ষার সাইটগুলোর একটি তালিকা ও পরিচালনার সময়সূচি নিচে দেয়া হয়েছে:

রাজধানী অঞ্চল
Crossgates Mall (প্রাক্তন Ruby Tuesday কেন্দ্র)
1 Crossgates Mall Road
Albany, NY 12203
<u>কাজের সময়:</u> সোমবার - শনিবার: সকাল 9-টা - সন্ধ্যা 7-টা

সেন্ট্রাল নিউ ইয়র্ক
CNY Regional Market F Shed
2100 Park Street
Syracuse, NY 13208
কাজের সময়: সোমবার - শনিবার: সকাল 8-টা - সন্ধ্যা 6-টা

ফিঙ্গার লেকস
YMCA Carlson MetroCenter
444 E Main Street
Rochester, NY 14604
কাজের সময়: সোমবার - শনিবার: সকাল 8-টা - সন্ধ্যা 6-টা

হাডসন ভ্যালি
Grace Baptist Church
52 S 6th Avenue
Mount Vernon, NY 10550
কাজের সময়: সোমবার - শনিবার: সকাল 9-টা - সন্ধ্যা 6-টা

Patriot Hills Golf Club
19 Club House Lane
Stony Point, NY 10980
কাজের সময়: সোমবার - শনিবার: সকাল 8-টা - সন্ধ্যা 6-টা

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক
Northwest Buffalo Community Center
155 Lawn Avenue
Buffalo, NY 14207
কাজের সময়: সোমবার - শনিবার: সকাল 8-টা - সন্ধ্যা 6-টা

স্টেটব্যাপী আরো বাড়তি সাইট চালুর জন্যও পরিকল্পনা করা হচ্ছে, এবং শীঘ্রই এসব সাইট সম্পর্কে ঘোষণা প্রদান করা হবে। নিউ ইয়র্কবাসীরা এখানে তাদের নিকটস্থ সাইটগুলো খুঁজে নিতে পারবেন।

ওয়েল হেলথ সম্পর্কে:

ওয়েল হেলথ পরীক্ষার চাহিদার সাথে সঙ্গতি রেখে দ্রুত বিতরণযোগ্য এবং সম্পূর্ণরূপে হ্যান্ডস-অফ অভিজ্ঞতা, কোভিড কেস ব্যবস্থাপনা, ও চিকিৎসা নিয়ে 'বিশেষ কোভিড সেবা' প্রদান করে থাকে। সহজ, স্কেলযোগ্য সমাধান পৌঁছে দেয়ার জন্য শক্তিশালী প্রযুক্তি কাজে লাগানোর মাধ্যমে ওয়েল হেলথ অব্যাহতভাবে নতুন পরীক্ষা ও চিকিৎসার সক্ষমতাকে চালিত করে। কোভিড-19 মহামারীর প্রতি সাড়া দিতে গিয়ে, ওয়েল হেলথ অনন্য প্রটোকল প্রতিষ্ঠা করেছে এবং আমাদের

রোগীদের জন্য একগুচ্ছ সমন্বিত মেডিকেল ও সুরক্ষা পদক্ষেপ পৌঁছে দিয়েছে। এখন পর্যন্ত, ওয়েল হেলথ প্রতিদিন হাজার হাজার পরীক্ষা চালিয়ে যাওয়ার সক্ষমতা নিয়ে যুক্তরাষ্ট্রব্যাপী 1.1 মিলিয়নেরও বেশি কোভিড-19 পরীক্ষা সম্পন্ন করেছে। ওয়েল হেলথ টেক্সাস, সাউথ ক্যারোলিনা, নেভাদা, রোড আইল্যান্ড, ওয়াশিংটন, নিউ জার্সি, অ্যারিজোনা, নর্থ ক্যারোলিনা, ক্যানসাসের বাসিন্দাদের সেবা দিয়েছে, এবং এখন, নিউ ইয়র্কের বাসিন্দাদের সেবা দিচ্ছে, এবং উত্তর আমেরিকা ব্যাপী পরীক্ষার ব্যবস্থা সম্প্রসারণ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন